দৈনিক বাংলা

তারিখ ... 16. 6. 85 ...
পৃষ্ঠা ... 5 কলাম ... 1 ...

026

# প্রাইমারী শিক্ষকদের ভূমিকা

আমাদের এই শিক্ষাবঞ্চিত সমাজে প্রাইমারী শিক্ষকদের একটি বিশেষ গুরুত্বপূর্ণ ভূমিকা রয়েছে। দেশের পল্লী অঞ্চলে বিশেষ করে যেখানে লেখাপড়া জানা মানুষের সংখ্যা খুবই কম, সেখানে প্রাইমারী শিক্ষকরা আসলেই সমাজের নেতা, পথ প্রদর্শক এবং শিক্ষার পতাকাবাহী। সন্দেহ নেই প্রাইমারী শিক্ষকদের কাছে শিক্ষকতা একটি পেশা, জীবিকার্জনের মাধ্যম, কিন্তু তাতেই তাদের ভূমিকা শেষ হয়ে যায় না। পল্লী অঞ্চলের মানুষকে তারা যেমন শিক্ষা গ্রহণে উদ্বুদ্ধ করে তুলতে পারেন তেমনি শিক্ষাবঞ্চিত মানুষকে দিতে পারেন সুপরামর্শ।

শিক্ষামন্ত্রী জনাব শামসুল হুদা চৌধুরী গত বৃহস্পতিবার ঢাকায় প্রাইমারী শিক্ষকদের অনুষ্ঠানে তাদের এই বৃহৎ ভূমিকার কথাই পুনরায় মনে করিয়ে দিয়েছেন। তিনি বলেছেন, আমাদের দেশের সামাজিক, রাজনৈতিক ও অর্থনৈতিক কাঠামোর মধ্যে প্রাইমারী শিক্ষকদের ওপর বিরাট দায়িত্ব ন্যস্ত রয়েছে। তারা সে ভূমিকা পালন করবেন বলে মন্ত্রী আশা প্রকাশ করেছেন।

আসলে সমাজের প্রতিটি মানুষই প্রাইমারী শিক্ষকদের কাছ থেকে এই নেতৃত্বশীল সামাজিক ভূমিকা আশা করে। শিক্ষকদের সুবিধা-অসুবিধা যেমন সরকারকে দেখতে হবে তেমনি সমাজের অগ্রগতির সমস্যাগুলির দিকেও শিক্ষকদের নজর রাখতে হবে। তা না হলে শিক্ষাদানের উদ্দেশ্যই ব্যর্থ হয়ে যেতে পারে। প্রাইমারী শিক্ষকরা পল্লী অঞ্চলে শিক্ষা ও প্রগতির পতাকাবাহী, সভ্যতার সাক্ষী।